কালের কণ্ঠ

তারিখ ... 15 JUN 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

# উপাচার্য হিসেবে ড. কলিমউল্লাহ যোগ দিয়েছেন

রংপুর অফিস ▷

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে গতকাল বুধবার কাজে যোগ দিয়েছেন অধ্যাপক ড. নাজমুল আহসান কলিমউল্লাহ। এ সময় তাঁকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগ, দপ্তরসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

কাজে যোগদানকালে নতুন উপাচার্য বলেন, 'বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় হবে বিশ্বের অন্যতম বিদ্যাপীঠ। এই বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের অন্যতম বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে যা করা প্রয়োজন সবই করা হবে।'